

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১০৪. চুল বা দাঁড়িতে কালো রং লাগানো

চুল বা দাঁড়িতে কালো রং লাগানো আরেকটি হারাম কাজ ও কবীরা গুনাহ্। আব্দুল্লাহ্ বিন্ আববাস্ (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

يَكُون أُ قَوْمٌ يَخْضِبُون فِيْ آخِرِ الزَّمَانِ بِالسَّوَادِ ؛ كَحَوَاصِلِ الْحَمَامِ، لَا يَرِيْحُون رَائِحة الْجَنَّةِ.

"শেষ যুগে এমন এক সম্প্রদায়ের আবির্ভাব ঘটবে যারা (চুল বা দাঁড়িতে) কালো রং লাগাবে। যা দেখতে কবুতরের পেটের ন্যায়। তারা জান্নাতের সুগন্ধও পাবে না"। (আবূ দাউদ ৪২১২; নাসায়ী ৫০৭৭) কারোর মাথার চুল বা দাঁড়ি সাদা হয়ে গেলে তাতে কালো ছাড়া যে কোন কালার লাগানো সুন্নাত। আবূ হুরাইরাহ্ (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

إِنَّ الْيَهُوْدَ وَالنَّصَارَى لَا يَصنْبُغُونَ ؛ فَخَالِفُوهُمْ.

''ইহুদী ও খ্রিস্টানরা (মাথার চুল বা দাঁড়ি) কালার করে না। সুতরাং তোমরা তাদের বিপরীত করবে তথা কালার করবে''। (আবূ দাউদ ৪২০৩)

জাবির বিন্ আব্দুল্লাহ্ (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন:

أُتِيَ بِأَبِيْ قُحَافَةَ يَوْمَ فَتْحِ مَكَّةَ، وَرَأْسُهُ وَلِحْيَتُهُ كَالثَّغَامَةِ بَيَاضًا فَقَالَ رَسُوْلُ اللهِ : غَيِّرُوْا هَذَا بِشَيْءٍ، وَاجْتَنِبُوْا السَّوَادَ.

"মক্কা বিজয়ের দিন (আবূ বকর (রাঃ) এর পিতা) আবূ কুহাফান্থে (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে) উপস্থিত করা হলো। তখন তার মাথার চুল ও দাঁড়ি সাদা ফল ও ফুল বিশিষ্ট গাছের ন্যায় দেখাচ্ছিলো। তা দেখে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবাদেরকে বললেন: তোমরা কোন কিছু দিয়ে এর কালার পরিবর্তন করে দাও। তবে কালো কালার কিন্তু লাগাবে না"।

(আবূ দাউদ ৪২০৪; নাসায়ী ৫০৭৮)

তবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাধারণত মেহেদি, জাফরান ও অর্স (লাল গোলাপের রস) দিয়ে কালার করতেন।

আবূ রিম্পাহ্ (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: আমি ও আমার পিতা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে আসলে তিনি আমার পিতাকে বলেন: এ ছেলেটি কে? তখন আমার পিতা বললেন: সে আমারই ছেলে। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: তুমি তার সাথে অপরাধমূলক আচরণ করো না। আবূ রিম্পাহ্



বলেন: তখন তাঁর দাঁড়ি মেহেদি লাগানো ছিলো।

আব্দুল্লাহ্ বিন্ 'উমর (রাযিয়াল্লাহু আন্হুমা) থেকে বর্ণিত তিনি বলেন:

كَانَ النَّبِيُّ يَلْبَسُ النِّعَالَ السِّبْتِيَّةَ، وَيُصنَقِّرُ لِحْيَتَهُ بِالْوَرْسِ وَالزَّعْفَرَانِ.

''নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চামড়ার জুতো পরিধান করতেন এবং অর্স তথা লাল গোলাপের রস ও জাফরান দিয়ে দাঁড়িটুকু হলুদ করে নিতেন''। (আবূ দাউদ ৪২১০)

রাসূল সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম আরো বলেন:

إِنَّ أَحْسَنَ مَا غُيِّرَ بِهِ هَذَا الشَّيْبُ : الْحِنَّاءُ وَالْكَتَمُ.

''নিশ্চয়ই সর্বশ্রেষ্ঠ বস্তু যা দিয়ে বার্ধক্যের সাধা বর্ণকে পরিবর্তন করা যায় তা হচ্ছে মেহেদি ও কাতাম; যার ফল মরিচের ন্যায়''। (আবূ দাউদ ৪২০৫; নাসায়ী ৫০৮০)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6780

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন